

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সিডিকেট কর্তৃক অনুমোদিত Consultancy, Research and Testing Services (CRTS) এর বিধি ও বিধান (Rules and Regulation) অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সিআরটিএস রুলস এর ধারা-৬ অনুযায়ী অন্য কোন প্রতিষ্ঠানে কাজ (Consultancy, Expertise Knowledge, Software Development, Training, Project, Part time class, Sessional class etc..) করেছেন বা করছেন কিংবা কাজ করতে আগ্রহী তাঁদেরকে অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত ফরমটি (যার সফট কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে) যথাযথভাবে পূরণকরতঃ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন গ্রহন করতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ইতোপূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অন্য কোন প্রতিষ্ঠানে খসিকালীন কাজ করেছেন বা দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন, তাঁদেরকেও ঘটনাত্তোর (Post facto) অনুমোদন গ্রহন করতে হবে।

এক্ষনে উপরোক্ত কাজের জন্য অনুমতি প্রাপ্তির পর নিয়মানুযায়ী বিশ্ববিদ্যালয়ের সিআরটিএস রুলস এর ধারা-৬ অনুযায়ী মোট পারিশ্রমিকের নির্ধারিত অংশ চেয়ারম্যান (সিআরটিএস), সঞ্চয়ী হিসাব নং- ৫০৬০/৮, জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় যথাসময়ে জমা প্রদান করতঃ জমা রশিদের একটি কপি পরিচালক (সিআরটিএস) এর দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

অত্র বিজ্ঞপ্তি জারীর পর এ বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন ব্যতিরেকে অন্য কোন প্রতিষ্ঠানে কাজ করতে পারবেন না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২/২/১৬  
(মোঃ আব্দুর রউফ)  
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ১৭২৩/৫০

তারিখ : ২/০২/১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, সকল অনুসদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (সিআরটিএস), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল দপ্তর / শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সংরক্ষণ নথি।

সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।

২/২/১৬  
(জি.এম. শহিদুল আলম)  
ডেপুটি রেজিস্ট্রার